

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কেন্দ্রীয় তহবিল
www.centralfund.gov.bd

স্মারক নম্বর: ৪০.০৬.০০০০.০০৯.০৬.০০২.১৯.৭

তারিখ: ৬ কার্তিক ১৪২৬

২২ অক্টোবর ২০১৯

বিষয়: কেন্দ্রীয় তহবিলের অর্জন সমূহ।

শতভাগ রপ্তানিমুখী শিল্প সেক্টরের জন্য বাংলাদেশ শ্রম আইন, ২০০৬-এর ২৩২(৩) ধারার বিধান এবং ২০১৫-এর বিধিমালা অনুযায়ী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় কেন্দ্রীয় তহবিল প্রতিষ্ঠিত হয়েছে। উক্ত তহবিল পরিচালনার জন্য একটি পরিচালনা বোর্ড গঠন করা হয়েছে। কেন্দ্রীয় তহবিলের মূল রূপকল্প হচ্ছে শতভাগ রপ্তানিমুখী শিল্প সেক্টরে কর্মরত শ্রমিক ও তাদের পরিবারের আর্থ সামাজিক উন্নয়ন।

কেন্দ্রীয় তহবিলের এ পর্যন্ত অর্জন সমূহঃ

- কেন্দ্রীয় তহবিলে এ পর্যন্ত ১৮৫,৭৬,৯৮,৮৮৫/- (একশত পচাশি কোটি ছিয়াত্তর লক্ষ আটানব্বই হাজার আটশত পচাশি) টাকা জমা পড়েছে।
- কেন্দ্রীয় তহবিল থেকে এ পর্যন্ত ৬৭,৪৫,৪৬,৬৩৯/- (সাতষট্টি কোটি পঁয়তাল্লিশ লক্ষ ছেচল্লিশ হাজার ছয়শত উনচল্লিশ) টাকা অনুদান প্রদান করা হয়েছে।
- কেন্দ্রীয় তহবিল থেকে এ পর্যন্ত মোট ৩২৮৮ জন মৃত এবং আহত শ্রমিক এবং তাদের পরিবারবর্গকে সর্বমোট-৬৫,৪১,৫০,০০০/- (পয়ষট্টি কোটি একচল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়া ২৬০ জন মৃত শ্রমিকের পরিবারবর্গকে সর্বমোট-৫,২০,০০,০০০/- (পাঁচ কোটি বিশ লক্ষ) টাকা অনুদান প্রদান প্রক্রিয়াধীন রয়েছে।
- বিজিএমইএ-এর সদস্যভুক্ত ৫টি বন্ধ গার্মেন্টস কারখানার শ্রমিকদের বকেয়া বেতন পরিশোধ বাবদ বিজিএমইএ-কে ৯৮,৩৬,৬৩৯/- (আটানব্বই লক্ষ ছত্রিশ হাজার ছয়শত উনচল্লিশ) টাকা প্রদান করা হয়েছে।
- শতভাগ রপ্তানিমুখী গার্মেন্টস কারখানায় কর্মরত ১৯৭ জন অসুস্থ শ্রমিককে চিকিৎসা সহায়তা বাবদ ৭১,২০,০০০/- (একাত্তর লক্ষ বিশ হাজার) টাকা প্রদান করা হয়েছে এবং ৪৮৮ জন অসুস্থ শ্রমিককে চিকিৎসা সহায়তা বাবদ ১,২৫,০০,০০০/- (এক কোটি পচিশ লক্ষ) টাকা অনুদান প্রদান প্রক্রিয়াধীন রয়েছে।
- শতভাগ রপ্তানিমুখী গার্মেন্টস কারখানায় কর্মরত শ্রমিকদের ১৭২ জন মেধাবী সন্তানকে শিক্ষাবৃত্তি হিসেবে ৩৪,৪০,০০০/- (চৌত্রিশ লক্ষ চল্লিশ হাজার) টাকা প্রদান করা হয়েছে এবং ৩৬৩ জন মেধাবী সন্তানকে শিক্ষাবৃত্তি হিসেবে ৭২,৬০,০০০/- (বাহত্তর লক্ষ ষাট হাজার) টাকা অনুদান প্রদান প্রক্রিয়াধীন রয়েছে।
- কেন্দ্রীয় তহবিল-এর বর্তমান স্থিতি এফডিআর সহ ১২১,০২,৭৯,৬০৫/- (একশত একুশ কোটি দুই লক্ষ উনআশি হাজার ছয়শত পাঁচ) টাকা।

- কেন্দ্রীয় তহবিলের একটি নিজস্ব ওয়েবসাইট (www.centralfund.gov.bd) তৈরী করা হয়েছে এবং ওয়েবসাইটে কেন্দ্রীয় তহবিল সম্পর্কে সকল তথ্য প্রদান করা হয়েছে।
- কেন্দ্রীয় তহবিল হতে আর্থিক সহায়তা প্রাপ্তির হালনাগাদকৃত আবেদন ফরম ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
- কেন্দ্রীয় তহবিলে ইতোমধ্যে চব্বিশ (২৪) জন জনবল নিয়োগ প্রদান করে একটি পূর্ণাঙ্গ দপ্তর হিসাবে চালু করা হয়েছে।



২২-১০-২০১৯

ডাঃ এম.এম আনিসুল আউয়াল. পিএইচডি
মহাপরিচালক

উপসচিব

সমন্বয় অধিশাখা

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৪০.০৬.০০০০.০০৯.০৬.০০২.১৯.৭/১(৮)

তারিখ: ৬ কার্তিক ১৪২৬
২২ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৩) সহকারী পরিচালক, প্রশাসন শাখা, কেন্দ্রীয় তহবিল
- ৪) সহকারী পরিচালক (পেনশন), পেনশন, কেন্দ্রীয় তহবিল
- ৫) সহকারী পরিচালক (অর্থ), অর্থ শাখা, কেন্দ্রীয় তহবিল
- ৬) সহকারী পরিচালক (বীমা), বীমা, কেন্দ্রীয় তহবিল
- ৭) সহকারী পরিচালক (সমন্বয় ও আইটি), সমন্বয় ও আইটি শাখা, কেন্দ্রীয় তহবিল
- ৮) স্টাটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (পিএ), মহাপরিচালকের দপ্তর, কেন্দ্রীয় তহবিল



২২-১০-২০১৯

জুবায়ের আল মামুন
উপ-সহকারী পরিচালক (পেনশন)